২০২৪

দ্বিতীয় সেমেস্টার

# বাংলা — মাইনর

পত্র : MN-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) স্বরধ্বনি কাকে বলে? বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনিগুলি কী কী? জিহ্বার অবস্থান অনুসারে স্বরধ্বনিগুলির বর্গীকরণের বিষয়টি রেখাচিত্র সমেত আলোচনা করো। ২+১+১২

*অথবা,*

(খ) বাংলা শব্দভাণ্ডারকে প্রধানত ক'টি ভাগে ভাগ করা যায় ও কী কী? রেখাচিত্রের সাহায্যে বিষয়টি বুঝিয়ে দাও। ৫+১০

২। (ক) নিম্নলিখিত ***যে-কোনো তিনটি*** বিষয়ে উদাহরণসহ আলোচনা করো— ৫×৩

স্বরলোপ, অভিশ্রুতি, সমীভবন, নাসিক্যীভবন, জোড়কলম শব্দ।

*অথবা,*

(খ) শব্দার্থ পরিবর্তনের পাঁচটি ধারার নাম লেখো। এই ধারাগুলির মধ্যে যে-কোনো দুটি ধারার বিস্তারিত পরিচয় দাও। ৫+১০

৩। (ক) বাংলা ব্যাকরণে 'পুরুষ' বলতে কী বোঝায়? 'পুরুষ' কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকার 'পুরুষ' সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ২+১+১২

*অথবা,*

(খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায়? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী? বর্তমান কালের ভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ২+১+১২

৪। (ক) নিম্নলিখিত ***যে-কোনো দুটি*** বিষয়ে উদাহরণসহ আলোচনা করো— ২১/২+২১/২

দন্ত্য ধ্বনি, ওষ্ঠ্য ধ্বনি, প্লুতস্বর, উষ্মধ্বনি।

*অথবা,*

(খ) বাংলা শব্দভাণ্ডারে আগন্তুক বা কৃতঋণ শব্দ সম্পর্কে আলোচনা করো। ৫

৫। (ক) *যে-কোনো একটি* বিষয়ে আলোচনা করো— ৫

স্বরাগম, স্বরসঙ্গতি।

*অথবা,*

(খ) বাংলা ভাষার উপভাষাগুলির নাম উল্লেখ করে কোন কোন অঞ্চলে তা ব্যবহৃত হয় লেখো। ৫

৬। (ক) সমাস বলতে কী বোঝায় উদাহরণ সহযোগে লেখো। সমস্তপদ কী তা একটি করে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ২+৩

*অথবা,*

(খ) বাংলা ব্যাকরণে অব্যয় বলতে কী বোঝায়? পদান্বয়ী অব্যয়ের ভাগগুলির নাম লিখে প্রত্যেকটির উদাহরণ দাও। ১+৪

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫

(ক) ধ্বনি ও বর্ণের যে-কোনো একটি পার্থক্য লেখো।

(খ) বাংলা বর্ণমালার নাসিক্য ধ্বনিগুলি লেখো।

(গ) দুটি অযোগবাহ ধ্বনির উদাহরণ দাও।

(ঘ) দু'টি দেশি শব্দের উদাহরণ দাও।

(ঙ) ফরাসি ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে গৃহীত একটি শব্দের উল্লেখ করো।

(চ) 'ছুতোর' শব্দের উৎস শব্দটি লেখো।

(ছ) একটি সংকর শব্দের উদাহরণ দাও।

(জ) ওঝা > রোজা— ধ্বনি পরিবর্তনের কোন রীতি এখানে প্রযুক্ত হয়েছে?

(ঝ) একটি প্রান্তীয় উপভাষার নাম লেখো।

(ঞ) একটি উদাহরণ দাও— অর্থের অপকর্ষ।

(ট) 'গ্রামে গ্রামে সেই বার্তা রটি গেল ক্রমে'— বহুবচনের কোন রীতি এখানে প্রযুক্ত হয়েছে?

(ঠ) 'বেতার' শব্দের সমাস নির্ণয় করো।

(ড) <u>ক্ষুধাতুরে</u> অন্ন দাও। রেখাঙ্কিত পদের কারক ও বিভক্তি নির্ণয় করো।

(ঢ) প্রত্যয়ান্ত শব্দটি লেখো— দৃশ্ + অনীয়।

(ণ) গ্রীষ্মের ছুটিতে রোজ মাঠে খেলতে যেতাম। — এই বাক্যে ক্রিয়ার কালটি নির্ণয় করো।